# আস-সাফফাত | As-Saffat | ٱلصَّافَّات

আয়াতঃ ৩৭ : ৮৭

## আরবি মূল আয়াত:

فَمَا ظَنُّكُم بِرَبِّ الْعٰلَمِينَ ﴿٨٧﴾

## অনুবাদসমূহ:

‘তাহলে সকল সৃষ্টির রব সম্পর্কে তোমাদের ধারণা কী’? — আল-বায়ান

বিশ্ব জগতের প্রতিপালক সম্পর্কে তোমরা কী ধারণা পোষণ কর? — তাইসিরুল

জগতসমূহের রাব্ব সম্বন্ধে তোমাদের ধারণা কি? — মুজিবুর রহমান

Then what is your thought about the Lord of the worlds?" — Sahih International

### ৮৭. তাহলে সকলসৃষ্টির রব সম্বন্ধে তোমাদের ধারণা কী?(১)

(১) কাতাদাহ বলেন, অর্থাৎ যদি তোমরা তাঁর সাথে এমন অবস্থায় সাক্ষাৎ করেছ যে, তোমরা তাকে ছাড়া অন্যকে ইবাদাত করেছ। [তাবারী] তখন তার ব্যাপারে তোমাদের কি ধারণা? তিনি কি তোমাদের এমনিই ছেড়ে দিবেন?

তাফসীরে জাকারিয়া

### (৮৭) বিশ্বজগতের প্রতিপালক সম্বন্ধে তোমাদের ধারণা কি?’ [1]

[1] অর্থাৎ, এই শ্রেণীর জঘন্য আচরণ করার পরেও তিনি তোমাদের প্রতি কি অসন্তুষ্ট হবেন না এবং তোমাদেরকে শাস্তি দেবেন না?

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3875

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন